

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২০৬

১১. विवार व्यक्षाय़ (حتاب النكاح)

পরিচ্ছেদঃ ৩. বিয়ে না করা বা স্ত্রী সংসর্গ ত্যাগ করা নিষিদ্ধ

بَابِ النَّهْيِ عَنْ التَّبَتُّلِ

## আরবী

أَخْبَرَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيَّبِ أَنَّهُ سَمِعَ سَعْدَ بْنَ الْمُسَيَّبِ أَنَّهُ سَمِعَ سَعْدَ بْنَ أَبِي وَقَاصٍ يَقُولُ لَقَدْ رَدَّ ذَلِكَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى عُثْمَانَ وَلَوْ أَجَازَ لَهُ التَّبُتُّلَ لَاخْتَصَيْنَا

## বাংলা

২২০৬. সা'দ ইবনু আবী ওয়াক্কাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'উসমান ইবনু মায'উন রাদ্বিয়াল্লাহু আনহু কে বিয়ে করা থেকে বিরত থাকতে নিষেধ করেছেন। তিনি যদি তাঁকে খাসি থাকার অনুমতি দিতেন, তাহলে আমরাও খাসি হয়ে যেতাম।[1]

## ফুটনোট

\* স্ত্রী সংসর্গ ত্যাগ করা অর্থ: বিয়ে পরিত্যাগ করা। নারী সংসর্গ বর্জন করা এবং বিয়ে পরিত্যাগ করা।

নারীর বিয়ে পরিত্যাগ করা হলো: পুরুষদের সংসর্গ সম্পূর্ণরূপে বর্জন করা, যাতে তাদের প্রতি তার কোনো চাহিদা না থাকে। মরিয়ম আলাইহিস সালাম কে এ নামে ডাকা হয়েছে।

আর ফাতিমাহ'র ব্যাপারে এর অর্থ হলো, তার যুগের নারীদের চেয়ে ফ্যীলত, দীনদারী ও সাওয়াবের ক্ষেত্রে অগ্রগামী হওয়ার জন্য।

এর আরেক অর্থ: দুনিয়া বিমুখ হওয়া ও আল্লাহমুখী হওয়া।



[1] তাহকীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, নিকাহ ৫০৭৩; মুসলিম, নিকাহ ১৪০২;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭৮৮; সহীহ ইবনু হিব্বান নং ৪০২৭ তে। এটি সম্মুখেও সংক্ষিপ্ত আকারে আসছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন